প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০

বিষয়ঃ পিআইবির ইনোভেশন টিমের অক্টোবর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	ফায়জুল হক পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৮/১০/২০২০
সভার সময়	১২:০০
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুসারে দফাওয়ারি কার্যক্রম উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য ও উপপরিচালক (প্রশাসন), চ.দা-কে আহ্বান জানান। সেই অনুসারে উপপরিচালক (প্রশাসন), চ.দা জনাব মো. জাকির হোসেন সকল কার্যক্রম ক্রমানুসারে উপস্থাপন করেন। জনাব মো. জাকির হোসেন জানান, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পিআইবি'র কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারনা আহ্বানের জন্য আগামী ৫/১১/২০২০ তারিখ পর্যন্ত সময় দিয়ে নোটিশ জারি করা হয়েছে। এছাড়া পিআইবি'র মোবাইল অ্যাপস তৈরির নিমিত্ত ডাটা সংগ্রহ ও অ্যাপস এর কন্টেন্ট নির্ধারণের জন্য সকল বিভাগ থেকে প্রতিনিধি নিয়ে একটি কমিটি গঠনের বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে। এ প্রেক্ষিতে পিআইবি'র মোবাইল অ্যাপস তৈরির নিমিত্ত ডাটা সংগ্রহ ও অ্যাপস এর কন্টেন্ট নির্ধারণের জন্য কমিটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সুপারিশ করা হয়ঃ

১। ড. কামরুল হক, আহ্বায়ক
২। জনাব মিজানুর রহমান, সদস্য
৩। জনাব মোহাম্মদ আবদুল মান্নান, সদস্য
৪। জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, সদস্য
৫। জনাব নাসিমুল আহসান, সদস্য-সচিব

উপপরিচালক (প্রশাসন), চ.দা জনাব মো. জাকির হোসেন আরো জানান, গত ৮ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১- এর ৪.১.১ অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালায় পিআইবি'র সহ-সম্পাদক (প্রকাশনা) জনাব আকিল-উজ-জামান খান অংশগ্রহণের করেছেন। এছাড়া পিআইবি ট্রেনিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (PIBTMIS) সফটওয়্যারের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ থেকে প্রস্তাব পাওয়ার পর অফিস আদেশ জারি করা যেতে পারে।

ইনোভেশন টিমের সদস্য ও গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চলতি দায়িত্ব ড. কামরুল হক জানান, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিকায়নের বিষয়ে বিভিন্ন তথ্য সংগ্রহের কাজ চলছে। এ বিষয়ে প্রস্তাব চূড়ান্ত করতে আরো কিছুদিন সময় প্রয়োজন। এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে সভাপতি বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিকায়নের বিষয়ে দ্রুততম সময়ের মধ্যে প্রস্তাব জমা দেয়ার অনুরোধ জানান।

ইনোভেশন টিমের সদস্য ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অ.দা) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, গত মাসে তথ্য মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে পিআইবি'র উদ্ভাবনী উদ্যোগ ২০২০-২০২১-এর তালিকা তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এগুলো হলো "অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ" ও "পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরি"। এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে "অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ" বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব দেয়ার জন্য সিনিয়র প্রশিক্ষক (চলতি দায়িত্ব) জনাব মোহাম্মদ আবদুল মান্নানকে অনুরোধ করা হয়।

এছাড়া বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর ১২.১.১ অনুযায়ী সেবা সহজিকরণ এর আওতায় একটি বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরির জন্য সিনিয়র প্রশিক্ষক (চলতি দায়িত্ব) জনাব মোহাম্মদ আবদুল মান্নানকে অনুরোধ করা হয়।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ১৫টি উদ্দেশ্য খাতওয়ারী অগ্রগতি পর্যালোচনা করা হয়। দীর্ঘ আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত:	১	পিআইবি'র মোবাইল অ্যাপস তৈরির নিমিত্ত ডাটা সংগ্রহ ও অ্যাপস এর কন্টেন্ট নির্ধারণের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠনের নিমিত্ত প্রশাসন বিভাগ থেকে প্রস্তাব প্রেরণ করা হবে। ড. কামরুল হক, আহ্বায়ক জনাব মিজানুর রহমান, সদস্য জনাব মোহাম্মদ আবদুল মান্নান, সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, সদস্য জনাব নাসিমূল আহসান, সদস্য-সচিব
	২	অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ থেকে "অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ" বিষয়ে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সুনির্দিষ্ট প্রস্তাব প্রশাসন বিভাগে দাখিল করবেন।
	৩	পিআইবি ট্রেনিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (PIBTMIS) সফটওয়্যারের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ থেকে প্রস্তাব পাওয়ার পর অফিস আদেশ জারি করা যেতে পারে।
	৪	গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব) ড. কামরুল হক বিষয়ভিত্তিক নিউজ ক্লিপিংস ও নিউজ পেপার সংরক্ষণ আধুনিকায়নের বিষয়ে দ্রুততম সময়ের মধ্যে প্রস্তাব প্রশাসন বিভাগে জমা দিবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফায়জুল হক
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.১৭.২১৭ তারিখ: ১৭ কার্তিক ১৪২৭
০২ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব), গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

২) সিনিয়র প্রশিক্ষক (চলতি দায়িত্ব), অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩) উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৪) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

মো. জাকির হোসেন
উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)